দৈনিক ই[illegible]লাব

43

তারিখ ... FEB. 1 2 2000
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# রবিবার থেকে বৃহত্তর সিলেটে শুরু হচ্ছে ৫ দিনের লাগাতার হরতাল

প্রথম পৃষ্ঠার পর

যানবাহন, এ্যাম্বুলেন্স, ফায়ার ব্রিগেড, ময়লা-আবর্জনা বহনকারী যানবাহন হরতাল কর্মসূচীর বাহিরে থাকবে। সর্বদলীয় সংগ্রাম পরিষদ সর্বাত্মক হরতাল পালনের লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি নিয়েছে। ইতোমধ্যে এই হরতাল ঘোষণাকে কেন্দ্র করে বিভিন্ন পত্রিকায় হরতাল নমনীয় করার বিষয়ে প্রকাশিত সংবাদকে সর্বদলীয় সংগ্রাম পরিষদ বিভ্রান্তিকর ও ভিত্তিহীন বলে মন্তব্য করেছে। পরিষদ হরতার সম্পর্কে সবধরনের অপপ্রচার খণ্ডন করে লাগাতার হরতাল পালনে অনড় রয়েছে। সর্বদলীয় সংগ্রাম পরিষদের কঠোর কর্মসূচীকে কেন্দ্র করে সরকার সমর্থক বিভিন্ন মহল হরতালের বিরুদ্ধে ভিন্নমুখী যেসব অপপ্রচার শুরু করেছে পরিষদ তার প্রতি সতর্ক দৃষ্টি রাখছে বলে একাধিক সূত্রে জানা গেছে। হরতাল সম্পর্কে আগাম মনগড়া খবর পরিবেশন করে জনমনে যে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে পরিষদ তারও নিন্দা করেছে। সর্বদলীয় সংগ্রাম পরিষদের অন্তর্ভুক্ত বিএনপি, জাতীয় পার্টি, জামায়াত ইসলামী, খেলাফত মজলিস, আঞ্জুমানে আল ইসলাহ, ইসলামী ঐক্যজোট, মুসলিম লীগ, জাগপা, সিলেট যুব সংগ্রাম পরিষদ, বঞ্চিত সিলেটবাসী, জাগো সিলেট এবং ছাত্র সংগঠনসমূহ ছাত্রদল, ছাত্র শিবির, ছাত্র মজলিস, তালামীযে ইসলামীয়া ও ছাত্রলীগ (জাগপা) লাগাতার হরতাল সফল করার জন্য সিলেটবাসীর প্রতি উদাত্ত আহবান জানিয়েছে। এদিকে একটানা এই হরতাল আহবানের কারণে গতকাল (শুক্রবার) ছুটির দিনে শহরের বিপণী কেন্দ্রগুলো খোলা ছিল। লোকজন ও যানবাহনেরও প্রচণ্ড ভিড় পরিলক্ষিত হয়।

উল্লেখ্য, শাবি নামকরণ নিয়ে দীর্ঘ চার মাস ধরে চলে আসা এই আন্দোলনের জনদাবী মেনে নিতে দীর্ঘসূত্রতার ফলে একদিকে সরকারের উপর জনসাধারণের আস্থা ক্রমশ হ্রাস পাচ্ছে এবং অপরদিকে স্থানীয় পর্যায়ে বিভিন্ন মত ও পথের দলগুলোর নজিরবিহীন ঐক্য সময়ের সাথে সাথে আরও সুদৃঢ় হচ্ছে। ফলে তারা একের পর এক কঠোর কর্মসূচী নিয়ে এগিয়ে যেতে পূর্বের তুলনায় আরো বেশী সোচ্চার হচ্ছে।

### শায়খুল হাদীসের একাত্মতা ঘোষণা

ইসলামী ঐক্যজোট চেয়ারম্যান ও বাংলাদেশ খেলাফত মজলিশের আমীর শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক বলেছেন, ধর্মদ্রোহী ও নাস্তিকবাদীদের বিরুদ্ধে সিলেটের জনসাধারণের মধ্যে যে স্বতঃস্ফূর্ত গণজাগরণের সৃষ্টি হয়েছে তা লক্ষ্যে না পৌঁছা পর্যন্ত এগিয়ে নিতে হবে। ষড়যন্ত্র ও ঐক্যে ফাটল ধরানোর শত অপচেষ্টাকে প্রতিহত করতে হবে। ঐক্যবদ্ধ আন্দোলন বিজয় লাভ করবে ইনশাআল্লাহ। শায়খুল হাদীস ১৩ ফেব্রুয়ারী থেকে বৃহত্তর সিলেটে আহূত ৫ দিনের লাগাতার হরতাল কর্মসূচীর প্রতি তার পূর্ণ সমর্থন ও ঐকান্তিক একাত্মতা ঘোষণা করে গতকাল এক বিবৃতিতে এ কথা বলেন। শায়খুল হাদীস বলেন, সর্বদলীয় সংগ্রাম পরিষদ শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ভবন ও হলসমূহের নাম পরিবর্তনে যে দাবী তুলেছে তা ইতোমধ্যে সর্বপেশা ও সর্বস্তরের মানুষের দাবীতে রূপান্তরিত হয়েছে। সর্বপর্যায়ের রাজনীতিবিদ, বুদ্ধিজীবী ও পেশাজীবীরাও তাতে অকুণ্ঠ সমর্থন দিয়েছে। এরপরও সরকারের একগুঁয়েমির অবসান ঘটেনি। নিত্য নতুন ষড়যন্ত্র, হুমকি এবং হামলা ও মামলা পরিচালিত হচ্ছে। শায়খুল হাদীস বলেন, এদেশের লড়াকু মানুষ কোন চোখ রাঙানি-হুমকিকে পরওয়া করে না।

## ফুলতলীর পীর সম্পর্কে আবার কটূক্তি করলে দাঁতভাঙ্গা জবাব

ঃ শামছুল ওলামা ছাহেব কিবলা ফুলতলী পীর সম্পর্কে মুক্তিযোদ্ধা সংসদের নামে মিথ্যা অশালীন ও চরম আপত্তিকর মন্তব্যের প্রতিবাদে গতকাল বাদ জুমা ঐতিহাসিক পৌর পয়েন্টে আনজুমানে আল ইসলাহ সিলেট মহানগরী শাখার উদ্যোগে এক বিরাট প্রতিবাদ সভায় বক্তারা মুক্তিযোদ্ধা নামধারী তথাকথিত কুচক্রীদের হুঁশিয়ার করে দিয়ে বলেন, ওলী-আল্লাহ, পীর-মাশায়েখ, আলেম-উলামাদের বিরুদ্ধে মিথ্যা, আপত্তিকর কথা বললে এর পরিণতি হবে ভয়াবহ। পীর আউলিয়াদের বিরুদ্ধে অবস্থান নিলে এদেশের তৌহিদী জনতা ঘরে বসে থাকবে না। একই সাথে বক্তারা শাহজালাল বিশ্ববিদ্যালয়ের বিতর্কিত নামকরণের চলমান আন্দোলন সফল করে তোলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। বাদ জুমা আনজুমানে আল ইসলাহর কর্মী এবং ফুলতলী ছাহেবের সমর্থকরা মিছিল সহকারে পৌর পয়েন্টে সমবেত হতে থাকেন। নির্ধারিত সময়ে আল ইসলাহ মহানগর সভাপতি আলহাজ গৌছুল হকের সভাপতিত্বে প্রতিবাদ সমাবেশ শুরু হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আল ইসলাহর কেন্দ্রীয় সভাপতি আল্লামা হাবিবুর রহমান। সমাবেশে বক্তারা দ্ব্যর্থহীন কণ্ঠে বলেন, সিলেটে ইসলামপন্থীদের মোকাবিলা করতে পারে এমন কোন শক্তি নেই, যারা ইসলামের বিরুদ্ধে আউলিয়াদের বিরুদ্ধে মিথ্যা, বানোয়াট কথা বলবে তাদের পরিণতি অতীতে যেমন হয়েছিল ভবিষ্যতেও তেমনি হবে। তারা আরও বলেন, ফুলতলী ও গহরপুরী পীর সাহেবের বিরুদ্ধে কথা বলে জনরোষের ভয়ে তারা ক্ষমা চেয়েছে। পুনরায় কটূক্তি করা হলে এর দাঁতভাঙ্গা জবাব দেয়া হবে। বক্তারা বলেন, এদেশ থেকে ইসলাম উৎখাতের জন্য স্বাধীনতার পর থেকে ষড়যন্ত্র শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তারা ইকরা শব্দ উঠিয়ে দিয়েছে, এখন শাহজালাল বিশ্বদ্যিালয়ের ঐতিহ্য ধ্বংসের ষড়যন্ত্র করছে। সমাবেশে জকিগঞ্জ থানার ৯নং মানিকপুর ইউনিয়নের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা শ্রী জগদানন্দ পুরকায়েস্ত বলেন, যে মানুষটি সারাটি জীবন হিন্দু, মুসলিম, খ্রিস্টান সবাইকে সমান চোখে দেখেছেন আজ তার সম্পর্কে কটূক্তি করা হচ্ছে, যারা একাজ করছে আমি তাদের নিন্দা জানাই এবং সরকারের কাছে তাদের শাস্তি দাবী করছি। শ্রী জগদানন্দ বলেন, ফুলতলীর সাহেব কোন হিন্দুর সম্পত্তি লুটপাট করেননি। যদি তার বিরুদ্ধে কেউ কোন মামলা দেখাতে পারেন তাহলে আমি নিজের জিহবা কেটে ফেলব।

### মুক্তিযোদ্ধা সংসদের দুঃখ প্রকাশ

মুক্তিযোদ্ধা সংসদ সদর থানা আয়োজিত যৌথ সভায় দেশবরেণ্য শ্রদ্ধেয় ব্যক্তিত্ব পীরে কামিল আলহাজ হযরত মাওলানা আবদুল লতিফ চৌধুরী ফুলতলীকে কটূক্তি করে যে বক্তব্য রাখা হয়েছে এরজন্য মুক্তিযোদ্ধা সংসদ সিলেট ইউনিট কমান্ডের পক্ষ থেকে দুঃখ প্রকাশ করা হয়েছে।

মৌলভীবাজার থেকে জেলা সংবাদদাতা জানান, ফুলতলীর পীর সাহেব সম্পর্কে কটাক্ষমূলক মন্তব্যের প্রতিবাদে মৌলভীবাজার জেলা শহরসহ জেলার বড়লেখা, কুলাউড়া, শ্রীমঙ্গল, রাজনগর, কমলগঞ্জ থানা শহর ও গ্রামগঞ্জের বিভিন্ন সংগঠন, মহলের পক্ষ থেকে তীব্র নিন্দা ও ক্ষোভ এবং গ্রেফতারের দাবী করা হয়েছে। এতে আল্লামা ফুলতলীর পীর সাহেবের লাখ লাখ সমর্থকসহ ইসলামপ্রিয় জনতার মধ্যে মারাত্মক উত্তেজনা বিরাজ করছে।

# রবিবার থেকে বৃহত্তর সিলেটে শুরু হচ্ছে ৫ দিনের লাগাতার হরতাল

**সিলেট অফিস ঃ** শাহজালাল বিশ্ববিদ্যালয়ের হল ও ভবনের বিতর্কিত নামসমূহ প্রত্যাহার ও ৩৬০ আউলিয়ার নামে নামকরণ, গ্রেফতারকৃত নেতা ও কর্মীদের নিঃশর্ত মুক্তি প্রদান, ভিসি হাবীবুর রহমান ও শিক্ষক জাফর ইকবালকে অপসারণ এবং শাস্তির দাবীতে দীর্ঘ চার মাস ধরে আন্দোলনরত সংগঠনগুলোর জোট সর্বদলীয় সংগ্রাম পরিষদ কঠোর কর্মসূচী নিয়ে এখন ময়দানে ঝাঁপিয়ে পড়েছে। আগামীকাল (রবিবার) সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের সকাল-সন্ধ্যা হরতাল পালনের মধ্যদিয়ে কঠোর এই কর্মসূচী শুরু হচ্ছে। ছাত্র সংগ্রাম পরিষদ আজ (শনিবার) বিকাল চারটায় কোর্টপয়েন্টে বিক্ষোভ সমাবেশের আয়োজন করেছে। শাবি'র বিতর্কিত নাম প্রত্যাহারসহ চারদফা দা[illegible] এবং ছাহেব কি্বলা ফুলতলীর পীর [illegible] আল্লামা গহরপুরী সম্পর্কে কুরুচিপূর্ণ বক্তব্[illegible] প্রদানের প্রতিবাদে এই সমাবেশ অনুষ্ঠি[illegible] হবে। পরে হরতালের সমর্থনে কোর্ট পয়েন্ট থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করবে। আগামী (সোমবার) থেকে বৃহস্পতিবার পর্যন্ত একই দাবীতে সর্বদলীয় সংগ্রাম পরিষদের হরতাল চলবে। গত ৭ ফেব্রুয়ারী পৌর পয়েন্টে অনুষ্ঠিত মহাসমাবেশ থেকে লাগাতার এই হরতালের কর্মসূচী ঘোষণা দেয়া হয়। এই হরতার চলাকালে হজ যাত্রী, হজের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রম, বিদেশ যাত্রী, ধর্মীয় অনুষ্ঠানে আগত মেহমান বহনকারী

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন